# পবিত্র নাবী (সাঃ) কে ভালবাসা অত্যাবশ্যক

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্‌, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্‌, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আমাদের পবিত্র নাবী (সাঃ) হচ্ছে সেই মানুষ যাকে পৃথিবীতে আমাদের সবচাইতে বেশি ভালবাসা প্রয়োজন, প্রীতিবোধ করা প্রয়োজন এবং সম্মান করা প্রয়োজন। শয়তান এবং তার সাহায্যকারীরা এটা সহ্য করতে পারে না। পৃথিবীর অর্ধেক এমন হয়ে গেছে। আর মুসলিমেরা বিপথে গেছে।

আল্লাহ্‌কে শুকরিয়া যে এই দেশটি আমাদের পূর্বপুরুষ ওসমানীয়াদের জায়গা। খালিফাহ এখনও এখানে আছেন, ওসমানীয়রা এখানে আছেন। এদেশের বাইরে ওয়াহাবী-সালাফী দলটি ক্যান্সারের মত, তারা অর্ধেক ইসলাম দখল করে নিয়েছে এবং আরও ছড়াচ্ছে। তাদের উপর এত দূর্যোগ পতিত হয়েছে কিন্তু তবুও তারা নিজেদের শুধরাচ্ছে না, তারা দিক পরিবর্তন করছে না। তারা শয়তানের কয়েদীতে পরিণত হয়েছে। কোন কিছুই কাজে আসবে না যদি আমাদের পবিত্র নাবী (সাঃ) এর ভালবাসা উপস্থিত না থাকে।

এখানেও কিছু স্কুল আছে। লোকেরা তাদের বাচ্চাদের পাঠায় কারণ সেগুলো ধর্মীয় স্কুল কিন্তু সেগুলোও আমাদের পবিত্র নাবী (সাঃ) বেশী সম্মান দেখায় না। আল্লাহ্‌ সেই বাচ্চাদের হিফাযাত করুন ইনশাআল্লাহ। আমাদের কোন ইবাদাতই উপকারী নয় এবং আমাদের আখিরাত বিপদে আছে যদি নাবী (সাঃ) এর ভালবাসা আমাদের ভেতরে না থাকে। কেউই শুধুমাত্র তার নিজের কাজের দ্বারা জান্নাতে প্রবেশ করতে পারবে না। আমাদের প্রয়োজন আল্লাহ্‌র রাহমাত এবং আমাদের নাবী (সাঃ) এর শাফা'আত। এটা গুরুত্বপূর্ণ।

সুতরাং, একজন মানুষের দুই লাইন বোঝাও ভালো তার সামর্থ্য অনুযায়ী। কম হলেও যখন তা বুঝতে পারবে তখন সেটাও জ্ঞান। নিশ্চয়ই এটি বলা উত্তম যে, "আমাদের সামর্থ্য মাত্র এই দুই লাইন বোঝা। আমি এটুকুই বুঝি এবং আমাদের পবিত্র নাবী (সাঃ) এর মূল্য জানি"। এরকমটি বলা এক হাজার বই পড়া থেকে উত্তম যখন তা পড়া হয় না বুঝে এবং বিপথে গিয়ে।

কিছু মানুষ কুর'আন পড়েও বিপথে যায়। যখন লোকেরা তাদের নাফসের অনুসরণ করে তখন তারা বিপথে যেতে পারে যদিও তারা কুর'আন পাঠ করে। তাই এরকম বলা যাবে না যে শুধু কুর'আনই

আমার একচ্ছত্র নেতা এবং একমাত্র পথপ্রদর্শক।

আমাদের পবিত্র নাবী (সাঃ) এর ভালবাসা ব্যতীত এবং আমাদের পবিত্র নাবী (সাঃ) এর প্রতি সম্মান না দেখালে তুমি কুর’আন পড়েও বিপথগামী হতে পারো। আল্লাহ্ আমাদের নিরাপদ রাখুন। আল্লাহ্ এসব লোকদের এবং আমাদের হিদায়াত দান করুন। আমরা যেন বিপথগামী না হই ইনশাআল্লাহ।

ওয়া মিন আল্লাহ্ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২১ নভেম্বার ২০১৬/২১ সাফার ১৪৩৮
ফাজ্র নামায, আকবাবা দারগাহ।